

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.doe.gov.bd](http://www.doe.gov.bd)

নং- ২২.০২.০০০০.০০৭.৩৮.৪৪০.১৬-

/১৪২৩ সন  
তারিখ : -----  
/২০১৬ খ্রিঃ


পরিপত্র

পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত, ২০১০) এর ধারা ১২ এর উপ-ধারা (১), (২), (৩) ও (৪) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৭ ও ৮ এর ক্ষমতা অর্পণ বিষয়ে বিগত ২৬/০৯/২০১৬ তারিখে ২২.০২.০০০০.০০৭.৩৩৮.৪৪০.১৬.৪৪১ সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিপত্রে নিম্নরূপ আংশিক সংশোধন করা হলো :

লাল শ্রেণীর ক্ষেত্রে (ছাড়পত্র নবায়ন) :

- (ক) যে সকল শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অবস্থান একাধিক বিভাগে অবস্থিত, সেই সকল শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের ছাড়পত্র নবায়নের আবেদন সরাসরি সদর দপ্তরে গ্রহণ ও প্রয়োজনীয় কার্যক্রম শেষে সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র শাখা ঐ শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে সরাসরি ছাড়পত্র নবায়ন প্রদান করিবে।
- (খ) যে সকল শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অবস্থান একাধিক জেলায় অবস্থিত, সেই সকল শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের ছাড়পত্র নবায়নের আবেদন সরাসরি সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক অফিসে গ্রহণ ও প্রয়োজনীয় কার্যক্রম শেষে বিভাগীয়/আঞ্চলিক অফিস ঐ শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে সরাসরি ছাড়পত্র নবায়ন প্রদান করিবে।
- (গ) যে সকল বিভাগীয় অফিসের আওতায় কোন জেলা অফিস নেই, সেই ক্ষেত্রে ঐ বিভাগীয় অফিস তাঁর আওতাধীন জেলাসমূহের শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের ছাড়পত্র নবায়নের আবেদন সরাসরি গ্রহণ ও প্রয়োজনীয় কার্যক্রম শেষে ঐ শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে সরাসরি ছাড়পত্র নবায়ন প্রদান করিবে।
- (ঘ) মহানগর অফিস তাঁর আওতাধীন শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের ছাড়পত্র নবায়নের আবেদন সরাসরি গ্রহণ ও প্রয়োজনীয় কার্যক্রম শেষে ঐ শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে সরাসরি ছাড়পত্র নবায়ন প্রদান করিবে।
- (চ) লাল শ্রেণীভুক্ত যে সকল শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অবস্থান একটি জেলায় অবস্থিত, সেই সকল শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের ছাড়পত্র নবায়নের আবেদন সরাসরি সংশ্লিষ্ট জেলা অফিস অথবা ঐ জেলায় পরিবেশ অফিস না থাকিলে ঐ জেলার দায়িত্বপ্রাপ্ত অন্য জেলা অফিস গ্রহণ করিবে। উদ্যোক্তার আবেদনের পর সংশ্লিষ্ট জেলা অফিস বা দায়িত্বপ্রাপ্ত জেলা অফিস বিবেচ্য শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অবস্থান ও সার্বিক পরিবেশগত দিক সেরেজমিন পরিদর্শনপূর্বক ছাড়পত্রে প্রদত্ত শর্তাবলী প্রতিপালন বিষয়ে সুস্পষ্ট মতামত ও সুপারিশসহ নথি সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক অফিসে অনুমোদনের জন্য প্রেরণ করিবে। বিভাগীয়/আঞ্চলিক অফিস থেকে ছাড়পত্র নবায়নের অনুমোদনের পর নথি সংশ্লিষ্ট জেলা অফিসে বা দায়িত্বপ্রাপ্ত জেলা অফিসে ফেরত পাঠাইতে হইবে। বিভাগীয়/আঞ্চলিক অফিস কর্তৃক গৃহীত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট জেলা অফিস বা দায়িত্বপ্রাপ্ত জেলা অফিস ছাড়পত্র নবায়ন প্রদান করিবে। একটি জেলায় অবস্থিত লাল শ্রেণীর শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের ছাড়পত্র নবায়নের আবেদন যদি সরাসরি বিভাগীয়/আঞ্চলিক অফিসে দাখিল করা হয়, তাহা হইলে ঐ আবেদন সংশ্লিষ্ট জেলা অফিস বা দায়িত্বপ্রাপ্ত জেলা অফিসে প্রেরণ করিতে হইবে। একটি শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের নামে শুধুমাত্র একটিই নথি জেলা কার্যালয়ে খোলা হইবে এবং সংরক্ষিত থাকিবে।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হল, যা অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ রইছউল আলম মন্ডল)  
মহাপরিচালক  
ফোন-৮১৮১৮০০  
ই-মেইলঃ [dg@doe.gov.bd](mailto:dg@doe.gov.bd)

নং- ২২.০২.০০০০.০০৭.৩৮.৪৪০.১৬-৬৪০


তারিখ : ২৫/০৬/১৪২৩ সন  
২২/০২/২০১৬ খ্রিঃ

**বিতরণ- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :**

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/আইন/পরিবেশগত ছাড়পত্র/প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/বায়ুমান ব্যবস্থাপনা/মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট/আইটি/জলবায়ু পরিবর্তন ও আন্তর্জাতিক কনভেনশন/পরিকল্পনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম অঞ্চল/মহানগর/ল্যাব কার্যালয়, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়।
- ৪। উপ-নিয়ন্ত্রক, ফরমস এন্ড পাবলিকেশন, বিজিপ্রেস, তেজগাঁও, ঢাকা,  
(তঁহাকে উপরের পরিপত্রটি গেজেটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল)
- ৫। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ/প্রচার/পরিবেশগত ছাড়পত্র/পরিকল্পনা/প্রাকৃতিক সম্পদ/আইএ/আন্তর্জাতিক কনভেনশন/জলবায়ু পরিবর্তন/পানি ও বায়ু/গবেষণা ও মনিটরিং/এনফোর্সমেন্ট/ল্যাব/সমন্বয়), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৬। উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, সকল জেলা কার্যালয়।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য :**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, মহাপরিচালকের কার্যালয়, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

  
২২/০২/১৬  
(খন্দকার মাহমুদ পাশা)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোন # ৮১৮১৩৬৬

ই-মেইল : adadmin@doe.gov.bd